04

দৈনিক ইনকিলাব

13 MAY 1996
তারিখ ...
পৃষ্ঠা - ৮ কলাম - ১

# মাদ্রাসা শিক্ষার প্রসার চাই –শিক্ষা উপদেষ্টা

শিক্ষা, যুব ও ক্রীড়া এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত উপদেষ্টা অধ্যাপক মোঃ শামসুল হক দেশে মাদ্রাসা শিক্ষার প্রসার এবং ছাত্রদের দৈনন্দিন আচার-আচরণের মাধ্যমে সমাজে নৈতিক মূল্যবোধ গড়ে তোলার ওপর গুরুত্ব আরোপ করেছেন।

তিনি গতকাল মাদ্রাসা [illegible] বোর্ড মিলনায়তনে মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর ৩য় ব্যাচের প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন। তথ্য বিবরণী।

দু'মাসব্যাপী এ প্রশিক্ষণ কোর্সে দেশের বিভিন্ন কামেল ও ফাযেল মাদ্রাসা থেকে ৫০ জন অধ্যক্ষ ও উপাধ্যক্ষ অংশগ্রহণ করছেন।

অধ্যাপক শামসুল হক বলেন, এবতেদায়ী মাদ্রাসা ও প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাকে সমপর্যায়ে নিয়ে আসতে হবে, যাতে মাদ্রাসা ছাত্ররাও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে লেখা-পড়ার সমান সুযোগ পায়। তিনি এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের ঐক্যবদ্ধ সহযোগিতা কামনা করেন।